



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.biwta.gov.bd
মানব সম্পদ শাখা

নম্বর: ১৮.১১.০০০০.০০০.০০৮.৯৯.০০০২.২৫.৩৫৫

তারিখ: ১৩ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

দপ্তর আদেশ নং- ১১৬৪/২০২৬

বিআইডব্লিউটিএ'র নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগের মধ্য-বদীপ শাখা, চাঁদপুর এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন নৌ-যানে ব্যবহারের জন্য (টাগবোট দুর্দান্ত জাহাজে ২৫,০০০ লিটার, উদ্ধারকারী রস্তুম জাহাজে ১০,০০০ লিটার, আড়িয়াল খাঁ জাহাজে ৩,০০০ লিটার, কপোত জাহাজে ৩,০০০ লিটার এবং এসএমবি-৩ জাহাজে ৩,০০০ লিটারসহ সর্বমোট ৪৪,০০০(চুয়াল্লিশ) হাজার লিটার হাই স্পীড ডিজেল) ডিপো হতে সরবরাহকৃত জ্বালানী টাগবোট দুর্দান্ত জাহাজ থেকে অন্য নৌ-যানে স্থানান্তর এবং অবৈধভাবে বিক্রয় করা হয়েছে মর্মে অভিযোগ পাওয়া গিয়েছে, যা সোস্যাল মিডিয়ায় প্রচারিত হয়েছে (ভিডিও চিত্র সংযুক্ত)। অভিযোগে আরও উল্লেখ করা হয় যে, সংশ্লিষ্ট কয়েকটি নৌ-যান নির্ধারিত সময়ে উল্লেখযোগ্য কার্যক্রমে নিয়োজিত না থাকা সত্ত্বেও সে সকল নৌ-যানের নামে বিপুল পরিমাণ জ্বালানী গ্রহণ দেখানো হয়েছে। এ সংক্রান্ত সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত ভিডিওচিত্রে (লিখিত অভিযোগসহ) উত্থাপিত অভিযোগসমূহের প্রেক্ষিতে উক্ত ঘটনার প্রকৃত তথ্য উদঘাটন ও সত্যতা নিরূপণ এবং দায়-দায়িত্ব নির্ধারণসহ পরবর্তী করণীয় বিষয়ে মতামত/সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিলের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হলোঃ

- | | |
|---|------------|
| (১) জনাব মোঃ মিজানুর রহমান
পরিচালক
অর্থ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা। | আহবায়ক |
| (২) জনাব মুঃ কবির হোসেন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক)
যান্ত্রিক ও নৌ-প্রকৌশল বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা। | সদস্য |
| (৩) জনাব মোঃ আজমল হুদা মিঠু সরকার
উপ-পরিচালক
এস্টেট ও আইন বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা। | সদস্য সচিব |

২। তদন্ত কমিটির কার্যপরিধি (ToR) নিম্নরূপঃ

ক) ৪৪,০০০ হাজার লিটার ডিজেল ক্রয়/সংগ্রহের অনুমোদন প্রক্রিয়া, গ্রহণ, সংরক্ষণ ও বিতরণ সংক্রান্ত সকল রেকর্ড যাচাইকরণ;

খ) সংশ্লিষ্ট নৌযানের লগবুক, মুভমেন্ট রেজিস্টার, ফ্যুয়েল রেজিস্টার ও ষ্টক রেজিস্টার পরীক্ষাকরণ;

গ) প্রকাশিত ভিডিওচিত্রে, লিখিত অভিযোগ ও অন্যান্য তথ্য প্রমাণ পর্যালোচনা;

ঘ) জ্বালানী তেল আত্মসাৎ ও অবৈধ বিক্রয়ের ঘটনায় সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের দায়-দায়িত্ব নিরূপণসহ দায়ী ব্যক্তিদের চিহ্নিতকরণ;

ঙ) কর্তৃপক্ষের আর্থিক ক্ষতির পরিমাণ নিরূপণ;

চ) ভবিষ্যতে এ ধরনের অনিয়ম প্রতিরোধে করণীয় বিষয়ে সুপারিশ প্রদান;

ছ) এছাড়াও অন্য কোন বিষয়ে সুপারিশ/মতামত থাকলে তা উল্লেখ করবেন;

জ) ০৩(তিন) কর্মদিবসের মধ্যে সুনির্দিষ্ট সুপারিশসহ স্বয়ংসম্পূর্ণ তদন্ত প্রতিবেদন কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট

পেশ করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

৪২৩৩

২৭-০৬-২০২৬

মোহাম্মদ মিজানুর রহমান
যুগ্ম পরিচালক (মানব সম্পদ)

নম্বর: ১৮.১১.০০০০.০০০.০০৮.৯৯.০০০২.২৫.৩৫৫/১ (১৩)

তারিখ: ১৩ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ), পরিচালক, প্রশাসন ও মানবসম্পদ এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
- ২। প্রধান প্রকৌশলী (মেরিন), প্রধান প্রকৌশলী (যান্ত্রিক ও নৌ-প্রকৌশল বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক(নৌ-সওপ), পরিচালক (নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
- ৪। মোঃ মিজানুর রহমান, পরিচালক (অর্থ), পরিচালক (অর্থ বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
- ৫। পরিচালক (ল্যান্ড এ্যান্ড এস্টেট) (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (এস্টেট ও আইন বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
- ৬। পরিচালক (আইসিটি) (ভারপ্রাপ্ত), পরিচালক (আইসিটি বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। মুঃ কবির হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক/মেরিন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক/মেরিন) শাখা, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
- ৮। মোঃ আজমল হুদা মিঠু সরকার, উপ-পরিচালক (ল্যান্ড এ্যান্ড এস্টেট), ল্যান্ড এ্যান্ড এস্টেট শাখা, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
- ৯। সহকারী পরিচালক (সমন্বয় কর্মকতা), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
- ১০। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
- ১১। ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।
- ১২। ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশল) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।

১৩। .. নথি।



৪২৩৩

২৭-০৬-২০২৬

মোহাম্মদ মিজানুর রহমান
যুগ্ম পরিচালক (মানব সম্পদ)